AQA

General Certificate of Secondary Education
Higher Tier
June 2011

# Bengali

# 46351HT

# H

**Unit 1 Listening Test Transcript**

**Tuesday 24 May 2011 1.30 pm to 2.15 pm approximately (including reading time)**

| FOR INVIGILATOR'S USE ONLY |
|---|

**Time allowed**
- 40 minutes approximately + 5 minutes reading time before the test

- **The pauses are pre-recorded for this test.**

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- Answer **all** questions in **English**.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now*. **You must not ask questions or interrupt during the test.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

| Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes reading time, are pre-recorded. |
|---|

*If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

| | | |
|---|---|---|
| 1 | F | আপনারা দয়া করে শুনবেন। একটি ঘোষণা। ডলি নামে একটি মেয়ে হারিয়ে গেছে। সে তার মায়ের সাথে মেলায় এসেছিলো। তার বয়স পাঁচ। তার মাথার চুল ছোটো করে কাটা। পরনে লাল জামা। কেউ তাকে খুঁজে পেলে মেলার অফিসে নিয়ে আসবেন। |
| **Example** | **M** | কোথাও কিছু ঘটলে আমি সাহায্য করতে চাই। আমি দেশের শান্তি রক্ষা করি। মাঝে মাঝে চোর ধরি। |
| 2 | M | আমি ছেলেমেয়েদের লেখাপড়া শেখাই। তারা আমার কথা শোনে। তারা আমাকে খুব ভালোবাসে এবং সম্মান করে। |
| 3 | F | আমি হাসপাতালে কাজ করি। রোগীদের সেবা করি। তাদের জল দেই, খাবার দেই। |
| 4 | F | আমি বিমান চালাই। সাদা পোশাক পরি। মাথায় কলো টুপি থাকে। সবাই আমাকে খুব স্মার্ট বলে। |
| 5 | M | রাস্তার কোণে আমার একটা দোকান আছে। সব কিছু বিক্রি করি। সাবান, তেল, চাল, ডাল আরও কতো কী! |
| **Example** | **M** | জলিল, ক্যাম্প করার জায়গাটা তুমি পরিষ্কার করবে। তোমাকে এরা সাহায্য করবে। |
| 6 (a) | M | সালেহা, তুমি তাঁবু খাটাবে। জরিনা আর রমেন, তোমাকে সাহায্য করবে। |
| 6 (b) | M | রবার্ট, তুমি রান্না করবে। আফসার আর রানী তোমাকে সাহায্য করবে। |
| 7 (a) | F | জাপান একটা খুব ছোটো দেশ হলেও এই দেশের লোকসংখ্যা অনেক। সুতরাং জাপানের বড়ো বড়ো শহরে, যেমন টোকিওতে, অনেক লোক বাস করে। |
| 7 (b) | M | জাপানের লোকেরা খুব পরিশ্রমী হয় এবং বাঙালিদের মতো ভাত আর মাছ খেতে ভালোবাসে। |
| **Example** | **F** | কেউ মিথ্যা কথা বললে আমি রেগে যাই। |
| 8 | M | কেউ যখন রেগে গিয়ে আমার সঙ্গে জোরে কথা বলে, তখন আমি চুপ করে থাকি। |
| 9 | F | মানুষের দুঃখ দেখলে আমি কাঁদি। |

| | | |
|---|---|---|
| **10** | **F** | তোমার মামা আজকে দেশ থেকে আসবেন। পরীক্ষা শেষ হলেই বাড়ি চলে যাবে। |
| **Example** | **M** | আমাকে ছয়টি ডাকটিকিটের একটি বই দিন। ধন্যবাদ। |
| **11** | **F** | মাংসটার চর্বি ফেলে দেবেন, আর টুকরো টুকরো করে কেটে দেবেন। |
| **12** | **F** | আপনি এখানে বসুন। সময় হলে আপনাকে ডাকা হবে। আপনার আগে চারজন রোগী আছেন। |
| **Example** | **M** | আপনাকে বিমানবন্দরে রাত কাটাতে হবে। হোটেলে কোনো জায়গা নেই। |
| **13** | **F** | দুঃখিত, খারাপ খবর দিচ্ছি। আজ রাতে বিমান বাতিল করা হয়েছে। আবহাওয়া খুব খারাপ। |
| **14** | **M** | আপনার মালগুলো ওজন করে নিয়ে চেক-ইন করে নেবো।<br>আপনাকে আরও টাকা দিতে হবে। আপনার মাল বেশি আছে। |
| **Example** | **F** | ফল সব সময়ে ধুয়ে খাবে। |
| **15** | **F** | সব সময়ে টাকটা মাছ খাবে। |
| **16** | **F** | রান্না করায় সব সময় তেল কম ব্যবহার করবে। |
| **17** | **F** | হ্যালো, কেমন আছো? আমরা মন্টেগো-বে বিমানবন্দরে নেমে ওচোরিওতে এসেছিলাম। আমাদের হোটেলের নাম 'সী ভিউ হোটেল'। একেবারে সমুদ্রের বেলাভূমির উপরে। সমুদ্রের ঢেউ হোটেলের দেয়ালে এসে ধাক্কা মারে। তিন দিন আগে আমরা কালো নদীতে – অর্থাৎ ব্ল্যাক রীভারে – নৌকা চড়েছিলাম। অনেক কুমির দেখেছি। আমাদের নৌকার কাছে বাচ্চা কুমিরগুলো ঘুরে ঘুরে সাঁতার কাটছিলো। মুরেনের কী ভয়! |
| **18** | **F** | তুমি কি জানো, জ্যামাইকায় এতো জঙ্গল আছো, কিন্তু কোনো বিষাক্ত সাপ নেই! আমরা আগামী কাল গাড়িতে করে কিংসটনে যাবো। পথে "কিং অব রেগে মিউজিক" – বব মারলির বাড়ি দেখবো। বব মারলির সব জিনিস এই বাড়িতে সাজানো আছে। আমি বিশেষ করে তাঁর ব্যবহার করা জামা-কাপড় দেখতে চাই। ভালো থেকো। বাই! |
| **Example** | **M** | বলো তো, এটা কী? সবাই ব্যবহার করে। এটা না থাকলে মাথার চুল গুছিয়ে রাখতে পারবে না। |

**Turn over ▶**

| | | |
|---|---|---|
| **19** | **F** | বলো তো, এটা কী? হাতে পরতে পারো, টেবিলে রাখতে পারো, দেয়ালে ঝোলাতে পারো। এটা না-থাকলে কাজের দেরি হয়ে যাবে। |
| **20** | **M** | বলো তো, এটা কী? অনেক কিছু লেখা থাকে। ছবি থাকে। এটা দিয়ে অনেক কিছু শেখা যায়। |
| **21** | **M** | বলো তো, এটা কী? দেখতে গোল সব গাড়িতে লাগানো থাকে। এটা না-থাকলে কোনো গাড়ি চলতে পারবে না। |
| **22** | **F** | বলো তো, এটা কী? সবাই এটা দিয়ে নিজের মুখ দেখে। পড়ে গেলে ভেঙে যায়। |
| **23** | **M** | আমাদের শহরে দেওয়ালি উৎসব করবো। সারা শহরটাকে আমরা রঙ-বেরঙের আলো দিয়ে সাজিয়েছি। শহরের গাছগুলো আলোর মালা দিয়ে আলোকিত করা হয়েছে। আলো দিয়ে সাজানো গাছগুলো পরিবেশটাকে স্বপ্নময় করে তুলেছে। |
| **24** | **F** | টাউন হলের সামনের বড়ো বড়ো সিঁড়িগুলো ধাপে ধাপে সামনের চত্বরে নেমে এসেছে। এই সিঁড়িগুলিতে সুন্দর সুন্দর উজ্জ্বল আলো বসানো হয়েছে। টাউন হলটাকে মনে হচ্ছে যেন একটা রাজার বাড়ি। |
| **25** | **F** | টাউন হলের সিঁড়িতে একটা বিয়ের দৃশ্য তৈরি করা হবে। এই দৃশ্যে মেয়েরা খুব সুন্দর সেজে, শাড়ি পরে এবং হাতে প্রদীপ নিয়ে নাচবে – বলিউড সিনেমার গানের সাথে। |
| **26** | **M** | আপনি কি নাচ শিখতে চান? দর্শকরাও নাচ শেখার সুযোগ পাবেন। পিয়ালি আর লায়লা দর্শকদের আধ-ঘণ্টা ধরে বলিউড নাচ শেখাবেন। আসুন, আমরা সকলে এই উৎসবে যোগ দিই। |
| **27** | **M** | আমাদের গ্রহকে বাঁচান। এটা অসম্ভব নয়। |
| **28** | **F** | আপনার গাড়ির ধোঁয়া বাতাসকে দূষিত করে। রাস্তায় গাড়ির সংখ্যা কম থাকা ভালো। সুতরাং কাজে যাবার সময় আপনার বন্ধুকে আপনার গাড়িতে করে নিয়ে যাবেন। |
| **29** | **M** | আপর্নিন সাইকেলে অথবা পায়ে হেঁটে অল্প দূরে যেতে পারেন। এতে পরিবেশ দূষণ কমবে। |
| **30** | **F** | আসুন, আমরা পরিবেশ দূষণ কমিয়ে সবুজ ব্রিটেন গড়ে তুলি। |

**END OF TEST**

Copyright © 2011 AQA and its licensors. All rights reserved.